

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা-১২১২
(প্রশাসন শাখা)
www.brta.gov.bd


স্মারক নম্বর-৩৫.০৩.০০০০.০০১.১৮.০০৯.১৯- ২২১৮

তারিখঃ ১৯.০৮.২০২১ খ্রিঃ।

অফিস আদেশ

যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান চাকরি আইন ২০১৮ ও সরকারী কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯ অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীগণের জন্য বাধ্যতামূলক। বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীগণের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করতে ডিজিটাল পদ্ধতিতে হাজিরা গ্রহণের নিমিত্ত 'বায়োমেট্রিক উপস্থিতি' সিস্টেম চালু করা হয়েছে যা গত ২৩/০৮/২০২০ তারিখ হতে কার্যকর করা হয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো কর্মকর্তা/কর্মচারী কর্তৃক অফিসে আগমনের ক্ষেত্রে দাপ্তরিক সময়সূচী অনুসরণ করা হচ্ছে না এবং বায়োমেট্রিক উপস্থিতি' সিস্টেম অনুসরণ করা হচ্ছেনা। কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য ঝুঁকি মোকাবেলায় অফিসের মূল প্রবেশ পথে রক্ষিত হ্যান্ড সেনিটাইজার ব্যবহার, স্বাস্থ্য বিধি মেনে এবং সামাজিক দূরত্ব মেইনটেন করে 'বায়োমেট্রিক হাজিরা প্রদানের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীগণের অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করতে হবে।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো কর্মকর্তা/কর্মচারী টি-শার্ট, গেঞ্জি পরিধান করে অফিসে আগমন করেন যা কর্মকর্তা/কর্মচারীদের অফিসে পরিধেয় পোশাক সংক্রান্ত সরকারী নির্দেশনার পরিপন্থী। সরকারি সংস্থার পুরুষ কর্মকর্তাদের অফিসে পরিধান সংক্রান্ত মন্ত্রীপরিষদ বিভাগের ০৫ জুন ২০১২ তারিখের ০৪.৪২৩.০২২.০২.০৬.০০১.২০১২-৭০ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(নুর মোহাম্মদ মজুমদার)
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
ফোন: ৫৫০৪০৭১১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিনিয়ারিং/অপারেশন/রোড সেফটি/ প্রশিক্ষণ)/সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল)/ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা/ উপ পরিচালক (ইঞ্জিঃ), বিভাগীয় অফিস, ----- ।
- ৩। প্রোগ্রামার/ মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা
- ৪। সহকারী পরিচালক (সকল)/সহকারী প্রোগ্রামার/ সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার বিআরটিএ সদর কার্যালয়/ সহকারী পরিচালক (ইঞ্জিঃ), সার্কেল অফিস, -----/ ।
- ৫। বিআরটিএ'র সকল কর্মকর্তা/কর্মচারী, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।